

🖪 আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكْوير

আয়াতঃ ৮১:৬

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا البِحَارُ سُجِّرَت ﴿ ٤﴾

আর যখন সমুদ্রগুলোকে অগ্নিউত্তাল করা হবে। — আল-বায়ান

যখন সমুদ্রগুলোকে প্রজ্জ্বলিত করে উত্তাল করা হবে। — তাইসিরুল

এবং সমুদ্রগুলিকে যখন উদ্বেলিত করা হবে; — মুজিবুর রহমান

And when the seas are filled with flame — Sahih International

- ৬. আর যখন সাগরকে অগ্নি-উত্তাল করা হবে(১),
 - (১) এর কয়েকটি অর্থ রয়েছে। একটি অর্থ হল অগ্নিসংযোগ করা ও প্রজ্জ্বলিত করা। কেউ কেউ বলেন, সমুদ্রগুলোকে স্ফীত করা হবে। কেউ কেউ এর অর্থ নিয়েছেন, পানি পূর্ণ করা হবে। অন্য কেউ অর্থ নিয়েছেন মিশ্রিত করা অর্থাৎ সমস্ত সমুদ্র এক করে দেয়া হবে, ফলে লবনাক্ত ও সুমিষ্ট পানি একাকার হয়ে যাবে। হাসান ও কাতাদাহ রাহিমাহুমাল্লাহ বলেন, এর অর্থ তার পানিসমূহ নিঃশেষ হয়ে যাবে। ফলে তাতে এক ফোটা পানিও থাকবে না। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৬। এবং সমুদ্রগুলিকে যখন উদ্বেলিত করা হবে;[1]

[1] অন্য অর্থে, তাতে আল্লাহর আদেশে আগুন জ্বলে উঠবে এবং তার পানি শুকিয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5806

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন